গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিরাই,সুনামগঞ্জ।
www.derai.sunamganj.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৬.৯০২৯.০০০.০৬.০০২.১১-২৪৯ তারিখঃ-২৪/০২/২০২০ খ্রিঃ।

নৌকাঘাট ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি নং-০১/১৪২৭ বাংলা।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,দিরাই উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত নৌকাঘাটসমূহ ১৪২৭ বাংলা সনের জন্য এক বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট থেকে নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী সিলমোহরযুক্ত মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। সিডিউল ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, সোনালী ব্যাংক লিঃ, দিরাই শাখা অফিসার ইনচার্জ, দিরাই থানা,জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা) সুনামগঞ্জ এবং স্থানীয় সরকার শাখা, সুনামগঞ্জ সুনামগঞ্জ হতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে।

| ক্রমিক নং | নৌকাঘাটের নাম | ইউনিয়নের নাম | কাঙ্খিতসরকারী মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | শ্যামারচরবাজার ইঞ্জিন নৌকাঘাট | চরনারচর | ৪,৪৬,৯৮৫/ | ১৬০০/ | মহামান্য হাইকোর্টের রীট ৯৬৮৭/১৭ মামলায় জড়িত |
| ০২ | বোয়ালিয়া বাজার ইঞ্জিন নৌকাঘাট | কুলঞ্জ | ৮৩৮০/ | ৫০০/ | |

ইজারা সংক্রান্ত দিন পঞ্জিকা (ইজারা চুড়ান্ত না হওয়া পর্যন্ত কার্যক্রম চলবে)

| ইজারা ডাকের পর্যায় | সিডিউল ক্রয়ের তারিখ | সিডিউল জমা দেয়ার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ২২/০৩/২০২০ খ্রিঃ | ২৩/০৩/২০১৯ খ্রিঃ (দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত) | ধার্য তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র বিক্রয় করা হবে। |
| ২য় পর্যায় | ২১/৪/২০২০ খ্রিঃ | ২২/০৪/২০২০ খ্রিঃ(দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত | |
| ৩য় পর্যায় | ১২/৫/২০২০ খ্রিঃ | ১৩/৫/২০২০ খ্রিঃ (দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত) | |
| ৪র্থ পর্যায় | ১৫/০৬/২০২০ খ্রিঃ | ১৬/০৬/২০২০খ্রিঃ(দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত) | |
| ৫ম পর্যায় | ২০/০৭/২০২০ খ্রিঃ | ২১/০৭/২০২০খ্রিঃ(দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত) | |

"দরপত্র দলিলের শর্তাবলী"

১। দরপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বরাবরে উদ্ধৃত দরের ২৫%অর্থ যে কোন তফশিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট পে-অর্ডার দাখিল করতে হবে।

২। ১৪২৭ বাংলা সনের পহেলা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদকালের জন্য নৌকাঘাট ইজারা দেয়া হবে।

৩। সিডিউল ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, দিরাই, সোনালী ব্যাংক লিঃ দিরাই শাখা,অফিসার ইনচার্জ, দিরাই থানা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),সুনামগঞ্জ, স্থানীয় সরকারশাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ থেকে নির্ধারিত মূল্যে নির্ধারিত তারিখ ও সময়ে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের তারিখে কোন সিডিউল বিক্রয় করা হবে না।

৪। নির্ধারিত তারিখে ১.০০ ঘটিকার মধ্যে শীলমোহরযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। উক্ত দিবস বেলা ৩-০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৫। একটি ফরমে একটিমাত্র নৌকাঘাটের জন্য দরপত্র দাখিল করা যাবে।খামের উপরে সংশ্লিষ্ট নৌকাঘাটের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। যে নৌকাঘাটের নামে দরপত্র ক্রয় করা হবে কেবল সেই নৌকাঘাটের জন্য দরপত্র দাখিল করা যাবে।

৬। যে তারিখের জন্য দরপত্র ক্রয় করা হবে কেবলমাত্র সেই তারিখেই দাখিল করতে হবে।পরবর্তী অন্য কোন তারিখে পূর্বের তারিখের জন্য ক্রয়কৃত দরপত্র দাখিল করলে তা গ্রহণযোগ্য হবেনা।

৭। একই নৌকাঘাটের জন্য দাখিলকৃত একাধিক দরপত্রে প্রদর্শিত মূল্য সমান হলে লটারির মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে।

৮। দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে যথাশীঘ্র দরদাতাকে জানানো হবে এবং দরদাতা অবহিত হওয়ার ৭(সাত) দিনের মধ্যে অবশিষ্ট সমুদয় লীজমানি পরিশোধ করবেন।অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে সমুদয় ব্যাংক ড্রাফট এর অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৯। অনুমোদিত দরদাতাকে গৃহীত মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১৫% ভ্যাট,৫% উৎস কর প্রদান করতে হবে। নতুবা ইজারাকৃত নৌকাঘাটের দখল প্রদান করা হবেনা।

১০। কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত নৌকাঘাট অন্যের নিকট সাবলীজ (উপপত্তন) প্রদান করতে পারবে না।

১১। দরপত্র দাখিলের পর তা গৃহীত হলে সম্পূর্ণ টাকা পরিশোধের পর যথাযথভাবে ৩০০/(তিনশত) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনের পর দখল বুঝিয়ে দেয়া হবে। ইজারাদার নিজ দায়িত্বে নিজ ব্যয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে চুক্তিপত্র সম্পাদন করবেন। ইজারাদারের গাফিলতির কারণে দখল নিতে বিলম্ব হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১২। জেলা কালেক্টরেট কর্তৃক অনুমোদিত হারে বিভিন্ন দ্রব্যের টোল আদায় করতে হবে এবং অনুমোদিত টোল চার্ট নৌকাঘাটের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে জনগণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক টাঙ্গিয়ে রাখতে হবে। ব্যতিক্রম ঘটলে জামানত বাজেয়াপ্তসহ প্রদত্ত ইজারা বাতিল করা হবে। টোল চার্ট অত্রাফিস কিংবা জেলা প্রশাসকের কার্যালয় থেকে সংগ্রহ করা যেতে পারে।

১৩। অসম্পূর্ণ/ অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/কাটাকাটি ও ফ্লুইডযুক্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। নৌকাঘাটের বিস্তারিত তপশীল ও বিগত বছরের ইজারামূল্য ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৫। বছরের যে কোন সময় ইজারা দেয়া হোকনা কেন উক্ত ইজারা ১৪২৭ বাংলা সনের পহেলা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত গণ্য হবে।

১৬। চুক্তিপত্রে বর্ণিত শর্তাদি ছাড়াও সরকার কর্তৃক জারীকৃত নৌকাঘাট সংক্রান্ত বিধি মেনে চলতে হবে।

১৭। ইজারাদার নিয়মিতভাবে নৌকাঘাট পরিষ্কার রাখবেন এবং দুর্ঘটনা এড়ানোর জন্য মজবুত সিড়ি আকারে উঠানামার ঘাট তৈরী করবেন।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৪/২/২০২০

(মোঃ সফি উল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা নৌকাঘাট ইজারা ব্যবস্থাপনা কমিটি
দিরাই, সুনামগঞ্জ।
মোবাইল ঃ ০১৭৩০৩৩১১১৩

(চলমান পৃষ্ঠা-০২)



Scanned with CamScanner

তারিখ ঃ-২৪/০২/২০২০ খ্রিঃ।

স্মারক নং ঃ০৫.৪৬.৯০২৯.০০০.০৬.০০২.১১- ২৪৯(৫০)

অনুলিপি, সদয় অবগতির জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণায়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব ,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৬। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক,(রাজস্ব/সার্বিক) সুনামগঞ্জ।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী অফিসার————————(সকল) ,সুনামগঞ্জ।
১১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই। অবগতি ও কার্যার্থে।
১২। মেয়র, দিরাই পৌরসভা, দিরাই, সুনামগঞ্জ।
১৩। অফিসার ইন চার্জ, দিরাই থানা, দিরাই, সুনামগঞ্জ।
১৪। উপজেলা প্রকৌশলী,এলজিইডি, দিরাই/ উপজেলা————————অফিসার ,দিরাইএবং উপজেলা নৌকাঘাট ইজারা দরপত্র মূল্যায়ন কমিটি, দিরাই সুনামগঞ্জ, তাকে দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্র যাচাই কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
১৫। সাব রেজিস্ট্রার, দিরাই, সুনামগঞ্জ।
১৬। চেয়ারম্যান ————————ইউপি (সকল) ,দিরাই, সুনামগঞ্জ। তাকে গ্রাম পুলিশের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, দিরাই শাখা, সুনামগঞ্জ।
১৮। সম্পাদক, দৈনিক সুনামগঞ্জ এর খবর, সুনামগঞ্জ। উক্ত বিজ্ঞপ্তিটি আপনার দদৈনিক পত্রিকার ভিতরের পাতায় সুতনি এমজি ১২ ফন্টে কম্পোজ করে কেবলমাত্র ১ (এক)দিন জরুরী ভিত্তিতে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৯। সভাপতি প্রেসক্লাব, দিরাই, সুনামগঞ্জ।
২০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা————————ইউনিয়ন ভূমি অফিস। তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট বাজারে মাইকিং ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২১। জনাব————————পিতা————————সাং————————উপজেলা-দিরাই, জেলা-সুনামগঞ্জ।
২২। সংশ্লিষ্ট নথি/নোটিশবোর্ড।

24/2/2020

উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ

Scanned with CamScanner